



# ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়  
জনতথ্য বিভাগ



উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.১১৩.১০৩.০০.০০.০৩৯.২০১৫/৬৩২

তারিখ : ৩০/০৫/২০২২

## প্রেস বিজ্ঞপ্তি

Dissemination Seminar of a Joint Research Project on COVID-19  
by Dhaka WASA and icddr,b শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করলো ঢাকা ওয়াসা।




৩০ মে, ২০২২ রোজ সোমবার, বেলা ০৩ঃ০০ ঘটিকায় "ওয়াসা ভবন" এর বুড়িগঙ্গা হলে Dissemination Seminar of a Joint Research Project on COVID-19 by Dhaka WASA and icddr,b শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করে ঢাকা ওয়াসা। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি এ সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা ওয়াসার ম্যানেজিং ডাইরেক্টর ও সিইও প্রকৌশলী তাকসিম এ খান সেমিনারে সভাপতিত্ব করেন। ড. জন ডি ক্লেমেনস, সাবেক নির্বাহী পরিচালক, আইসিডিডিআর,বি এবং অধ্যাপক, ডিপার্টমেন্ট অব এপিডিমিওলজি, ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়া, ইউএসএ- এই সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ড. সিরাজুল ইসলাম, ইমিরেটাস সাইনটিষ্ট, আইসিডিডিআর,বি গবেষণার বিষয়বস্তু ও প্রাপ্ত ফলাফল পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করেন। আইসিডিডিআর,বি এর ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক ড. শামস এল আরিফিন গবেষণার ফলাফলের উপর আলোকপাত করেন।

উল্লেখ্য, COVID-19 মহামারী চলাকালীন (২০২০-২০২১) জনস্বাস্থ্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ ছিল এবং লোকেরা সে সময়ে হতাশ হয়ে পড়ছিল। পানি/বর্জ্য পানি কোভিড-১৯ ভাইরাস বহনের জন্য দায়ী কি না, তা নিয়ে গোটা বিশ্বে ভিন্ন ভিন্ন মত দেখা যাচ্ছিল। Dhaka WASA দক্ষিণ এশিয়ার একটি অন্যতম বড় পানি সরবরাহকারী প্রতিষ্ঠান হিসাবে সে সময়ে COVID-19 মারাত্মক সংক্রমিত ভাইরাস যা বিশ্ব মানবতাকে ব্যাহত করে তার সম্ভাব্য উৎস অনুসন্ধানের জন্য icddr,b এবং Dhaka WASA যৌথ ভাবে একটি গবেষণা কাজের উদ্যোগ নেয়। ঢাকা ওয়াসার বিভিন্ন ল্যাবরেটরী তথা কেন্দ্রীয় ল্যাবরেটরীতে পানির গুনাগুন পরীক্ষার উন্নত ব্যবস্থা বিদ্যমান। কিন্তু COVID-19 পরীক্ষার ব্যবস্থা নাই এবং COVID-19 পরীক্ষার জন্য বিশেষায়িত ল্যাবরেটরী প্রয়োজন। icddr,b ল্যাবরেটরীতে COVID-19 পরীক্ষার আধুনিক ব্যবস্থা রয়েছে বিধায় ঢাকা ওয়াসা icddr,b-র সাথে যৌথ ভাবে পয়ঃ ও পানিতে করোনা ভাইরাস (COVID-19) নির্ণয়ের লক্ষ্যে ২০২০-২০২১ সালে ৬ মাস ব্যাপি "Survey of sewage and other contaminated surface water and treated water sources for the presence of SARS-Cov-2 in and around Dhaka city" শীর্ষক গবেষণা কাজ সম্পন্ন করে।

প্রধান অতিথি মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি তাঁর বক্তব্যে এরূপ গবেষণা কাজের ভূয়সী প্রশংসা করেন এবং ঢাকা ওয়াসা ও আইসিডিডিআর,বি কে বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জীবন ও জীবিকা রক্ষার জন্য যে নির্দেশনা দিয়েছিলেন তা পালনের জন্য সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার জন্য তিনি আহ্বান জানান।

সেমিনারে আইসিডিডিআর,বি এর প্রতিনিধিবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিবৃন্দ, সাংবাদিকসহ ঢাকা ওয়াসা'র উর্ধতন কর্মকর্তাবৃন্দসহ গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

  
৩০/৫/২০২২

এ. এম. মোস্তফা তারেক  
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা  
ঢাকা ওয়াসা।